''শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ''


বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

Bangladesh Rural Electrification Board

ISO 9001, ISO 14001 & OHSAS 18001 Certified

প্রধান প্রকৌশলী (প্রকল্প)-এর দপ্তর
সদর দপ্তর ভবন, ঢাকা-১২২৯
ফোন : + ৮৮ ০২ ৮৯০০৩১০, ৮৯০০৫১০
e-mail: cepbreb@gmail.com


স্মারক নং- ২৭.১২.০০০০.০০৮.০৬.০০৫.১৮/৫২৭

তারিখ : ১০ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ। / ২২ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ উপজেলা শতভাগ বিদ্যুতায়নসহ বাপবিবোর্ডের সার্বিক কার্যক্রমের বিষয়ে মাঠ পর্যায়ের কর্মকর্তা ও ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারীগণের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

বাপবিবোর্ডের আওতাভূক্ত এলাকার ৪৬০ টি উপজেলা ২০১৮ সালের মধ্যে শতভাগ বিদ্যুতায়নসহ সার্বিক বিষয়ে মাঠ পর্যায়ের সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, উপদেষ্টা প্রতিষ্ঠানের দলনেতা ও রিটেইনার প্রকৌশলী, ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী এবং সদর দপ্তরস্থ কর্মকর্তাগণের সাথে দু'টি সেশনে দিনব্যাপী নিম্নবর্ণিত সভা অনুষ্ঠিত হয়ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | **মেজর জেনারেল মঈন উদ্দিন (অব.), চেয়ারম্যান, বাপবিবোর্ড।** |
| **স্থান** | ঃ | **ব্রিগেডিয়ার সবিহউদ্দিন আহমেদ হল।** |
| **তারিখ** | ঃ | **১৯ ফেব্রুয়ারি-২০১৮ খ্রিঃ; সোমবার।** |
| **সময়** | ঃ | **সকাল ০৯:০০ ঘটিকা হতে বিকাল ০৩:৩০ ঘটিকা এবং সন্ধ্যা ০৬ ঘটিকা হতে রাত ০৯:০০ ঘটিকা পর্যন্ত।** |
| **উপস্থিতি** | ঃ | **''পরিশিষ্ট-গ''-এ সংযুক্ত।** |

পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। এরপর, সদস্য (বিতরণ ও পরিচালন) কর্তৃক সভার প্রেক্ষাপট ব্যাখ্যা করা হয়। অতঃপর উপজেলাভিত্তিক লাইন নির্মাণ অগ্রগতি পর্যালোচনা ও আনুষঙ্গিক বিষয়ে আলোচনা করা হয়।

২.০০। আলোচনাঃ

২.১। সম্প্রতি জাতিসংঘ কর্তৃক বাংলাদেশকে মধ্যম আয়ের দেশ হিসেবে ঘোষনা করা হয়েছে। এটি বাঙালি জাতির জন্য একটি বিরাট গর্বের বিষয়। ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করার যে পরিকল্পনা ছিল; তা ২০১৮ সালেই অর্জন করা সম্ভব হয়েছে। এ গৌরবান্বিত অর্জন আগামী ২০-২৬ মার্চ ০৭ (সাত) দিন ব্যাপী সারাদেশে উদযাপিত হবে। এ সময়ে মাননীয় প্রধানমন্ত্রী ১৭৩ টি উপজেলা শতভাগ বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করবেন। ঐ ০৭ (সাত) দিন পবিসগুলো কর্তৃক **Spot Metering** সহ দ্রুততার সাথে সকল সেবা প্রদান করা হবে। মার্চ মাসে **Record** পরিমাণ সংযোগ প্রদান করা হবে।

২.২। ডিসেম্বর ২০১৭ খ্রিঃ পর্যন্ত ১৪৭টি উপজেলার শতভাগ বিদ্যুতায়ন কাজ সম্পন্ন হয়েছে। তন্মধ্যে ৩৬টি উপজেলা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শুভ উদ্বোধন করা হয়েছে। অবশিষ্ট ১১১ টি উপজেলা এবং মার্চ ২০১৮ খ্রিঃ- এর মধ্যে সম্পাদনযোগ্য ৬২ টি উপজেলা মিলে মোট ১৭৩ টি উপজেলা ২২-২৬ মার্চ ২০১৮ খ্রিঃ-এর মধ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শুভ উদ্বোধনের জন্য সম্পূর্ণ প্রস্তুত রাখা হবে। এজন্য উক্ত ৬২ টি উপজেলার সকল কাজ ২০ মার্চ ২০১৮ খ্রিঃ-এর মধ্যে সম্পন্ন করতে হবে। এ ৬২টি উপজেলার প্রতি বিশেষ গুরুত্ব দিয়ে এমপিএসএস পরিদপ্তর, সিএসএন্ডএম পরিদপ্তর এবং প্রকল্প পরিচালকগণ প্রয়োজনীয় মালামালের জোগান নিশ্চিত করবেন। ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারীগণ ব্যক্তিগত হস্তক্ষেপ ও উদ্যোগ গ্রহণের মাধ্যমে ২০ মার্চ ২০১৮ খ্রিঃ-এর মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করবেন। পাশাপাশি সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজারগণ একই তারিখের (২০ মার্চ ২০১৮ খ্রিঃ) মধ্যে সংযোগ প্রদান নিশ্চিত করবেন। জাতীয়ভাবে অত্যন্ত আনন্দের -এ মহেন্দ্রক্ষণ উদযাপনের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।

২.৩। সভায় লাইন নির্মাণ ঠিকাদারী প্রতিষ্ঠানগুলোর পক্ষ হতে মালামাল সরবরাহ, সময়সীমা বৃদ্ধি, ভেরিয়েশন/ ক্লোজ-আউট দ্রুত নিষ্পন্ন, **# 477 MCM; # 636 MCM** তারে **2% Sag,** স্থানীয় দালাল/ ইলেকট্রিশিয়ান/ প্রভাবশালীদের চাঁদাবাজি, ভবিষ্যত প্রকল্পসমূহের দরপত্রে তাদের অংশগ্রহণের সংস্থান, আত্মপক্ষ সমর্থনের সুযোগ ব্যতীত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ, কার্যাদেশসমূহ ১০/১৫ বছর পর **Post Audit** না করে ১ বছরের মধ্যে **Post Audit** করণ, পবিস-এর মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানগুলোকে বাপবিবোর্ডে সাময়িক পূর্বযোগ্যতাপ্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠানগুলোর তুলনায় বেশী পরিমাণ চুক্তি সম্পাদনের সুযোগ বন্ধ করা, ভ্রাম্যমান উপকেন্দ্র নির্মাণ, পূর্বযোগ্যতাপ্রাপ্ত উপকেন্দ্র নির্মাতা প্রতিষ্ঠানগুলোর কাজের সংস্থান ইত্যাদি বিষয় উপস্থাপিত হয়। উপস্থাপিত বিষয়াদি পর্যালোচনা করে প্রযোজ্য ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় অবহিত করা হয়।

২.৪। ২ কোটি ১৫ লক্ষ গ্রাহকের বিশাল এক পরিবার বাপবিবোর্ডের ভাবমুর্তি কতিপয় দুর্বৃত্তের কারনে আজ হুমকির সম্মুখীন। এ কয়েকজন দুর্বৃত্তের কারণে গ্রামের সাধারণ মানুষ হয়রানির শিকার হচ্ছে। এদের নাম/ তালিকা প্রদানের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার এবং ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারীগণকে অনুরোধ জানানো হয়। চাঁদাবাজি বন্ধে সকলের ব্যক্তিগত হস্তক্ষেপ ও উদ্যোগ কামানা করা হয়।

৩.০০। **সিদ্ধান্তঃ সার্বিক পর্যালোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ**

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৩.১। | পূর্বনির্ধারিত সিডিউল মোতাবেক মার্চ ২০১৮ খ্রিঃ-এর মধ্যে সম্পাদনযোগ্য উপজেলাগুলোর শতভাগ বিদ্যুতায়ন কাজ ৩১ মার্চ ২০১৮ খ্রিঃ-এর পরিবর্তে **২০ মার্চ ২০১৮ খ্রিঃ-এর মধ্যে সম্পন্ন** করতে হবে। ২০ মার্চ ২০১৮ খ্রিঃ এর মধ্যে সম্পাদনযোগ্য **৬২ টি উপজেলার তালিকা ''পরিশিষ্ট-ক''**-এ সংযুক্ত। | ঠিকাদারী প্রতিষ্ঠান;<br>উপদেষ্টা প্রতিষ্ঠান;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার;<br>নির্বাহী প্রকৌশলী;<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>এমপিএসএস/ সিএসএন্ডএম পরিদপ্তর;<br>প্রকল্প পরিচালক। |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৩.২। | জানুয়ারি ২০১৮ খ্রিঃ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনান্তে **৪৬০টি উপজেলার** হালনাগাদকৃত নিম্নবর্ণিত সিডিউল **(''পরিশিষ্ট-খ''-এ সংযুক্ত)** অনুসারে শতভাগ বিদ্যুতায়ন কাজ সম্পন্ন করতে হবেঃ<br><br>**ক্রম** / **সময়** / **উপজেলা (টি)**<br>১ / **ডিসেম্বর ২০১৭ খ্রিঃ পর্যন্ত সম্পাদিত** / ১৪৭<br>২ / **২০ মার্চ ২০১৮ খ্রিঃ** / ৬২<br>৩ / **জুন ২০১৮ খ্রিঃ** / ১০৭<br>৪ / **সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ** / ১৪৪<br>**মোট =** / ৪৬০ | ঠিকাদারী প্রতিষ্ঠান;<br>উপদেষ্টা প্রতিষ্ঠান;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার;<br>নির্বাহী প্রকৌশলী;<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>এমপিএসএস/ সিএসএন্ডএম পরিদপ্তর;<br>প্রকল্প পরিচালক। |
| ৩.৩। | **''পরিশিষ্ট-ক''-এ সংযুক্ত ২০ মার্চ ২০১৮ খ্রিঃ-এর মধ্যে সম্পাদনযোগ্য ৬২ টি উপজেলা** শতভাগ বিদ্যুতায়নের জন্য প্রয়োজনীয় সকল মালামালের **চাহিদা ০২ (দুই) দিনের মধ্যে** এমপিএসএস পরিদপ্তরে {কপি প্রধান প্রকৌশলী, সদস্য এবং চেয়ারম্যান বরাবর প্রেরণসহ} প্রেরণ করতে হবে। চাহিদানুসারে প্রয়োজনীয় মালামাল বরাদ্দ ও পরিবহন কাজ ০৫ (পাঁচ) দিনের মধ্যে সম্পন্ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার;<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>এমপিএসএস/ সিএসএন্ডএম পরিদপ্তর;<br>প্রকল্প পরিচালক। |
| ৩.৪। | শতভাগ বিদ্যুতায়নের জন্য কোন পবিস-এ **DPP** সংস্থানের ঘাটতি থাকলে তা ১.৫ এমসিসি প্রকল্পে অতিরিক্ত সংস্থান করে কিংবা শতভাগ(ডিএমসিএস/ আরআরকেবি) প্রকল্পে **Vertical Adjustment-** এর মাধ্যমে ২৮/০২/২০১৮ খ্রিঃ-এর মধ্যে প্রদান করতে হবে। | প্রকল্প পরিচালক;<br>1.5 MCCP/ 100% (DMCS/ RRKB);<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>নির্বাহী প্রকৌশলী;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার। |
| ৩.৫। | পবিসসমূহের পোল ইয়ার্ডে কোন কাঠের পোল থাকলে তা প্রয়োজনানুযায়ী ব্যবহার করতঃ অবশিষ্টগুলো (যদি থাকে) ০১ জুলাই ২০১৮ খ্রিঃ-এর মধ্যে পবিস/ জোনাল অফিস ক্যাম্পাসের ভিতরে স্থানান্তর করতে হবে। **০১ জুলাই ২০১৮ খ্রিঃ-এর পর ক্যাম্পাসের বাহিরে কোন কাঠের পোল রাখা যাবে না।** | সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার;<br>নির্বাহী প্রকৌশলী;<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী। |
| ৩.৬। | তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ ২৮/০২/২০১৮ খ্রিঃ-এর মধ্যে স্ব-স্ব জোনে **একাধিক আন্তঃপবিস পরিবহন ঠিকাদার** নিয়োগের ব্যবস্থা গ্রহণ করবেন। | সকল জোনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী। |
| ৩.৭। | সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক যথাসময়ে পোল পরিবহনের বিষয়টি প্রকল্প পরিচালকগণ নিবিড়ভাবে মনিটরিং করবেন। **যে সকল পোল সরবরাহকারী প্রতিষ্ঠান ক্রমাগতভাবে পোল সরবরাহে ব্যর্থ হচ্ছে,** তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা (দরপত্রে অংশগ্রহন স্থগিত করাসহ) গ্রহণের কার্যধারা সূচিত করতে হবে। | প্রকল্প পরিচালক;<br>এমপিএসএস পরিদপ্তর। |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৩.৮। | উপযুক্ত ভবন/ ফ্ল্যাট না পাওয়ায় নির্বাহী প্রকৌশলী, কক্সবাজার -এর কার্যালয় কক্সবাজার পবিস সদর দপ্তরে স্থাপনের বিষয়টি পর্যালোচনা করে প্রযোজ্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, কক্সবাজার পবিস;<br>নির্বাহী প্রকৌশলী, কক্সবাজার;<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম জোন, চট্টগ্রাম। |
| ৩.৯। | বাংলাদেশ মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ায় ২০-২৬ মার্চ ২০১৮ খ্রিঃ, ০৭ (সাত) দিন পবিসসমূহ **Spot Metering** সহ সকল সেবা দ্রুততার সাথে প্রদান করবে। ইতোপূর্বে এক মাসে সর্বোচ্চ ৫ লক্ষ ২৫ হাজার সংযোগ প্রদানের **Record** ভেঙ্গে মার্চ ২০১৮ মাসে আরো বেশী সংযোগ দিতে হবে। | সকল সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার। |
| ৩.১০। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, উপদেষ্টা প্রতিষ্ঠান ও ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীগণ স্ব-স্ব এলাকার দুর্নীতিগ্রস্ত ব্যক্তির তালিকা সরাসরি প্রধান প্রকৌশলী (প্রকল্প)-এর দপ্তরে প্রেরণ করবেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>নির্বাহী প্রকৌশলী;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার;<br>উপদেষ্টা প্রতিষ্ঠান;<br>ঠিকাদারী প্রতিষ্ঠান। |
| ৩.১১। | কুড়িগ্রাম-লালমনিরহাট পবিস-এ ধরলা নদীতে **Sub-marine Cable** স্থাপনের জন্য নদীর উভয় পার্শ্বে **Overhead 33 KV** লাইন নির্মাণ কাজ ১৫ (পনের) দিনের মধ্যে সম্পন্ন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী রংপুর জোন;<br>নির্বাহী প্রকৌশলী, কুড়িগ্রাম;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, কুড়ি-লাল পবিস;<br>উপদেষ্টা প্রতিষ্ঠান;<br>ঠিকাদারী প্রতিষ্ঠান। |
| ৩.১২। | মাঠ পর্যায়ের লাইন নির্মাণ কাজ শেষ হবার পর সর্বোচ্চ ১৫ (পনের) দিনের মধ্যে **Close-Out** সম্পাদন নিশ্চিত করতে হবে। ব্যর্থতায় সংশ্লিষ্ট বৈদ্যুতিক উপদেষ্টা প্রতিষ্ঠান দায়ী হবে। | এসইএন্ডডি পরিদপ্তর;<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>নির্বাহী প্রকৌশলী;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার;<br>উপদেষ্টা প্রতিষ্ঠান। |
| ৩.১৩। | **# 477 MCM** এবং **# 636 MCM** তারের **Sag-Jumper Allowance** শতকরা ০২ (দুই) ভাগ হারে প্রদানের বিষয়টি পর্যালোচনা করে দরপত্র দলিলে অন্তর্ভূক্তিসহ **Standard Tender Document (LTM)** হালনাগাদকরণের জন্য প্রধান প্রকৌশলী (প্রকল্প)-এর দপ্তর কর্তৃক প্রযোজ্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। দরপত্র দলিল হালনাগাদ না হওয়া পর্যন্ত **Sag-Jumper Allowance** প্রদানের বিষয়টি কেস-টু-কেস নিস্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশল (প্রকল্প) এর দপ্তর;<br>প্রকল্প পরিচালক;<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>নির্বাহী প্রকৌশলী;<br>উপদেষ্টা প্রতিস্ঠান;<br>ঠিকাদারী প্রতিষ্ঠা |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৩.১৪। | বাপবিবোর্ডের সাময়িক পূর্বযোগ্যতাপ্রাপ্ত লাইন নির্মাণ ঠিকাদারী প্রতিস্ঠানগুলোর (পিএলসি) সর্বোচ্চ চুক্তি সম্পাদনের পরিমাণ (১৫০ কিলোমিটার) বিবেচনায় পবিস-এর মিনি ঠিকাদারী প্রতিস্ঠানগুলোর চুক্তি সম্পাদনের পরিমাণ নির্ধারণের বিষয়টি পর্যালোচনাপূর্বক প্রযোজ্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (প্রকল্প) এর দপ্তর। |
| ৩.১৫। | **Turn-Key** ভিত্তিতে বৈদ্যুতিক লাইন/ উপকেন্দ্র নির্মাণে প্রতিযোগীতামূলক দর প্রাপ্তির স্বার্থে বাপবিবোর্ডের পূর্বযোগ্যতাপ্রাপ্ত লাইন/ উপকেন্দ্র নির্মাণ ঠিকাদারী প্রতিষ্ঠানগুলোর দরপত্রে অংশগ্রহণের সুযোগ রেখে ভবিষ্যতে প্রকল্প প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কার্যক্রম পরিকল্পনা পরিদপ্তর; প্রকল্প পরিচালক। |
| ৩.১৬। | কাঠের পোল ও ক্রস আর্মের মাধ্যমে নির্মিত উপকেন্দ্রগুলো **Replacement** কাজ ভ্রাম্যমান উপকেন্দ্র নির্মাণের মাধ্যমে সম্পাদনের প্রস্তাব পর্যালোচনা করে প্রযোজ্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রীড ও উপকেন্দ্র)। |
| ৩.১৭। | চুক্তি/ কার্যাদেশের **Defect Liability Period**-এর মধ্যে **Post Audit** সম্পাদনের সম্ভাব্যতা পর্যালোচনা করে প্রস্তাব উপস্থাপন করতে হবে। | অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর; নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব)। |
| ৩.১৮। | ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীগণ তাদের স্ব-স্ব প্রতিস্ঠানের লোকবলকে দুর্নীতিমুক্ত রাখার জন্য প্রযোজ্য ব্যবস্থা গ্রহণ করবেন। | ঠিকাদারী প্রতিষ্ঠান। |

০৪। আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

**সংযুক্তিঃ বর্ণনামতে।**

(মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ))
চেয়ারম্যান

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) : প্রযোজ্যতা অনুসারে প্রয়োজনীয় ব্যবসথা গ্রহণের অনুরোধসহ।

১। সদস্য (প্রশাসন/অর্থ/ বিতরণ ও পরিচালন/ পরিকল্পনা ও উন্নয়ন/ সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (প্রকল্প/ পওপ) / নির্বাহী পরিচালক/ নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব)/ প্রকল্প পরিচালক, ইউআরইডিএস: ডিসিএসডি/ ১.৫ এমসিসিপি/ ১০০% ডিএনইএস (ডিএমসিএস/আরআরকেবি) প্রকল্প,বাপবিবো, ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাপবিবো, রাজশাহী।
৪। প্রকল্প পরিচালক, আরইই-ডিডিপি-২/সিএসডিপি-২/আরআরডিপি-২/কেডিপি-২/বিডিপি-২/এসডিপিএন্ডআইডি/ ইউআরআইডিএস (ডিএমসিএস/আরআরকেবি)/ ৭০০০০ ওএলডিটি/ ২.৫এমসিসিপি/পিপিএম, বাপবিবো, ঢাকা।
৫। পরিচালক, (এমপিএসএস/সিএসএন্ডএম/এসইএন্ডডি/আইটি/আইসিটি/ সিষ্টেম অপারেশন (কেঃঅঃ)/কার্যক্রম পরিকল্পনা/ প্রশিক্ষণ/ পবিস উঃওপঃ (কেঃঅঃ/উঃঅঃ/দঃঅঃ/পূঃঅঃ)/অভ্যন্তরীণ নিরীক্ষা) পরিদপ্তর/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রীড ও উপকেন্দ্র/এনার্জি অডিট এন্ড ট্যারিফ/ গবেষনা ও উন্নয়ন/ জেনারেশন/ জিআইএস/ পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ময়মনসিংহ/ কুমিল্লা/চট্টগ্রাম/ সিলেট/রাজশাহী/ রংপুর/বগুড়া/ যশোর/ফরিদপুর/ বরিশাল জোন, বাপবিবো।
৭। উপ-প্রকল্প পরিচালক, ১.৫ এমসিসিপি/ ১০০% ডিএনইএস (ডিএমসিএস/আরআরকেবি), বাপবিবো, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী,-----------------------------------------------------------------------বাপবিবো।
৯। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার--------------------------------পবিস-১/২/৩/৪।
১০। স্থানীয় উপদেষ্টা প্রতিষ্ঠান মেসার্স---------------------------------------------------পবিস-১/২/৩/৪।
১১। ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স-----------------------------------------------------------------।